দৈনিক সংবাদ

১১/১২/২০০৩

তারিখ ... ১১/১২/২০০৩
পৃঃ ... ৪ ... কলাম ...



গতকাল মঙ্গলবার বুয়েটে ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় —সংবাদ

## ইউকসু নির্বাচন ভিপি-জিএস ছাত্রদলের এজিএস ছাত্রলীগের

বুয়েট সংবাদদাতা ঃ বুয়েটের কেন্দ্রীয় ছাত্র সংসদ ইউকসু নির্বাচনে ৭টি পদের মধ্যে ছাত্রদল ভিপি, জিএসসহ ৩টি পদে এবং ছাত্রলীগ এজিএসসহ ২টি পদে বিজয়ী হয়েছে। অন্য ২টি পদে ছাত্রফ্রন্ট ও ছাত্র ইউনিয়নের প্রার্থীরা বিজয়ী হন। ৯টি হল সংসদের ১০৮টি পদের মধ্যে ছাত্রদল ৪টি হলের ভিপিসহ ৪৫টি পদে এবং ছাত্রলীগ ৩টি হলের ভিপিসহ ৩৯টি পদে জয়ী হয়েছেন। ছাত্র ইউনিয়ন ১টি ও ছাত্রফ্রন্ট ১টি বাদে অন্য দলগুলোতে স্বতন্ত্র প্রার্থীরা জয়ী হয়েছেন।

কেন্দ্রীয় ছাত্র সংসদের নির্বাচিতরা হলেন ঃ গোলাম মোর্শেদ লায়ন (ভিপি ছাত্রদল), হাসিব মোস্তাবসির (জিএস-ছাত্রদল), নুরুল হাসান উল্লাস (এজিএস-ছাত্রলীগ), ইস-মাইল হোসেন ইমন (আপ্যায়ন-ছাত্রদল), ইনাম আহমেদ সাগর (ক্রীড়া-ছাত্রলীগ)।

তাবাসসুম মাহযাবীন মুমু (বার্ষিকী-ছাত্র ইউনিয়ন), জোহরা আকতার বিনতে হাবীব পপি (সাহিত্য ছাত্রফ্রন্ট)।

এবারের নির্বাচনে শিবির সবকটি হলে প্যানেল দিলেও কোন পদে জয়ী হয়নি। সকল হলেই শিবির প্রার্থীরা ২০/২৫টি ভোট পান। একমাত্র ছাত্রী হল ও নজরুল ইসলাম হলে স্বতন্ত্র প্রার্থীরা জয়ী হন। গতকাল সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ চলে।